

## উত্তম রাজা যোশিয় ঈশ্বরের বাক্যকে মান্য করেছিলেন

প্রার্থনা : “প্রিয়তম প্রভু। তোমার বাক্যের প্রতি বিশ্বাস এবং মান্য করতে এই বাচ্চাদের সাহায্য কর”।

এমন অনুশীলন ধারা বেছে নিন যা, বাচ্চাদের বয়সের প্রয়োজনের এবং অধ্যাত্মিক বৃদ্ধির সাথে মানানসই হয়।

বালক রাজা যোশিয়র ঘটনাটি শিক্ষা দেবার জন্য প্রস্তুত করুন। ২য় বংশাবলি ৩৪ঃ১-২১ এবং ২৯-৩৩ অংশটি পাঠ করুন। ঈশ্বরের বাক্যকে মান্য করা যে কতটা মূল্যবান তা এই অংশটি তুলে ধরে।



একজন অপেক্ষাকৃত বড় বাচ্চাকে পড়তে অথবা গল্পটি মুখস্থ বলতে বলুন। এরপর এই প্রশ্নগুলি করুন (প্রতি প্রশ্নের পরে উত্তর দেওয়া হল)

- মিথ্যা দেবতাদের মূর্তিগুলি এবং তাদের বেদীগুলির প্রতি রাজা যোশিয় কি করেছিলেন? (৩-৪ পদ দেখ)
- যাজক হিন্ধীয় কোথায় ঈশ্বরের নিয়ম-বিধির পুস্তকটি খুঁজে পেয়ে ছিলেন? (১৫ পদ)
- ঈশ্বরের বাক্য পাঠ করার পর যখন তিনি বুঝলেন যে তাঁর প্রজারা তার অবাধ্য হয়েছে, তখন তিনি যে দুঃখার্ত হয়েছে তা বোঝাবার জন্য রাজা যোশিয় কি করেছিলেন? (১৯ পদ)
- ঈশ্বরের বাক্য শ্রবণ করার পর লোকেরা কি করার জন্য একত্রে রাজী হয়েছিলেন? (৩২ পদ)
- লোকেরা কি তাদের রাজার দ্বারা ঈশ্বরের বাক্যের প্রতি বাধ্যতার প্রদর্শিত পথকে অনুসরণ করেছিল? (৩৩ পদ)

অনুশীলনঃ

- একটু ছোট বাচ্চাদের জন্য : একটি বাইবেল লুকিয়ে রাখুন এবং তাদের সেটা খুঁজে বার করতে বলুন। এরপর বর্ণনা করুন যে রাজা যোশিয় যখন রাজা ছিলেন, তখন ঠিক এমনই ঘটেছিল।
- বয়স্ক ছেলেমেয়েদের জন্য (যদি তাদের কাছে বাইবেল থাকে) : কিছু বাইবেলের অংশের বইয়ের নাম, অধ্যায় এবং পদ বলুন। এবং যত তাড়াতাড়ি সম্ভব তাদেরকে সেগুলো খুঁজে পেতে বলুন। বাইবেলের কোথায় কি আছে তা শিক্ষা করতে, এটা সাহায্য করবে।

রাজা যোশিয়ের গল্পের কিছু অংশ নাটক আকারে প্রদর্শন করুন :

- প্রধান আরাধনাকারী দলের নেতাদের সাথে মিলে অংশটি বাচ্চাদের দিয়ে নাটকটিকে প্রদর্শনের ব্যবস্থা করুন।
- বড় ছেলেমেয়েদের ছোটদেরকে সাহায্য করতে দিন।
- বড় ছেলেমেয়ে অথবা পূর্ণ বয়স্করা, রাজা যোশিয়, হিন্ধীয়র কিছু অংশ এবং আবৃত্তিকারকের যিনি গল্পটিকে সংক্ষেপ করবেন ও ছোটদের কি বলতে এবং করতে হবে তা মনে রাখতে সাহায্য করবেন, সেই ভূমিকায় পাঠ করতে দিন।
- ছোট বাচ্চাদেরকে লোকজন এবং কর্মচারীদের ভূমিকায় পাঠ করতে দিন। যারা কর্মচারী তাদের টেবিলের অথবা চেয়ারের উপর কাগজের নীচে একটি পুস্তক লুকানো থাকবে। বেদীর জন্য পাথরের স্তূপ, মুদ্রার জন্য ছোট ছোট পাথর এবং একটি ছোট বাস্ম নিয়ে লোকেরা থাকবে।

**আবৃত্তিকার :** ২ বংশাবলি ৩৪:১-২১ পর্যন্ত গল্পটি পাঠ করবে। তারপর বলবে, “সবাই শোন রাজা যোশিয় কি বলছেন”

**যোশিয় :** “হে ইস্রায়েলের প্রজাগণ, আমরা প্রতিমার দ্বারা আমাদের ঈশ্বরকে ক্রোধাঘিত করেছি। এখন এস আমরা সেগুলো ধ্বংস করি”।

**লোকবন্দ :** পাথরের বেদীগুলির উপর আঘাত করবে।

**যোশিয় :** “আমাদের অবশ্যই ঈশ্বরের মন্দিরকে পুণঃনির্মাণ করতে হবে। এই বিরাট কর্মযাজের জন্য কারা কারা অর্থ দিতে প্রস্তুত?”

**লোকবন্দ :** বাস্কের মধ্যে মুদ্রাগুলি, ফেলবে। বলবে, “ঈশ্বরের মন্দিরের কাজের জন্য আমরা এই অর্থ দিচ্ছি।”

**কর্মচারীরা :** অর্থগুলি সংগ্রহ করবে এবং মন্দির সারানোর অভিনয় করবে। এ সময়ে পুস্তকটি খুঁজে পাবে এবং হিন্ধীয়কে তা দেবে।

**হিন্ধীয় :** “রাজা যোশিয় দেখুন, মন্দিরের মধ্যে আমরা কি খুঁজে পেয়েছি। এটা ঈশ্বরের নিয়মবিধি। কিন্তু এতে যা বলা আছে সেই অনুযায়ী আমরা তা করিনি। আমরা ঈশ্বরের নিয়মের বিরুদ্ধ হয়েছি।”

**রাজা :** পুস্তকটিকে কিছুক্ষণ দেখবে। তারপর বলবে “সমস্ত লোকবন্দকে জড়ো কর। তাদের প্রত্যেকের শোনা উচিত ঈশ্বর কি বলছেন। তাঁর নিয়ম বিধির প্রতি অবাধ্যতার জন্য অবশ্যই আমাদের তাঁর ক্ষমা প্রার্থনা করতে হবে।”

**লোকবন্দ :** “আপনি উত্তম রাজা। আপনার পথই অনুসরণ করব।”

একটি বড় শিশু অথবা পূর্ণ বয়স্ক নাটক সমাপনান্তে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জানান।

**প্রশ্ন :** ছোটরা যদি নাটকটি বড়দের জন্য প্রদর্শন করে তবে তাদের উপরে প্রদত্ত প্রশ্নগুলিকে বড়দের জিজ্ঞাসা করতে দিন।

একটি বাইবেলের ছবি আঁকুন এবং বাচ্চাদের তা নকল করতে বলুন। বড় বাচ্চারা একটি ছেলে তার হৃদয়ের কাছে বাইবেল নিয়ে ধরে আছে এমন ছবিও আঁকতে পারে।



- আরাধনা চলাকালীন ছোটদের ছবিগুলিতে বড়দেরকে দেখাতে দিন।
- ছোটদেরকে ছবিগুলি সম্বন্ধে এইভাবে বর্ণনা করতে বলুন যে, এই ছবিগুলি ব্যাখ্যা করে আমরা ঈশ্বরের বাক্যকে কতটা ভালোবাসি এবং তা ধ্যান করি।

ঈশ্বর তাঁর লোকদের পথ নির্দেশ করার জন্য কিভাবে তাঁর বাক্য ব্যবহার করেন, সেই বিষয়ে শিশুদের অন্যান্য উদাহরণ দিতে দিন।

কবিতা : গীত সংহিতা ১১৯ঃ১-২ এবং ৯-১১ পদ গুলি কিছু ছেলেমেয়ের প্রত্যেককে আবৃত্তি করতে দিন।

ঈশ্বরের বাক্য কিভাবে আমাদের সাহায্য করে যে সম্পর্কে বড় ছেলেমেয়েদের কবিতা অথবা গান লিখতে বলুন।

ছোট শিশুদের ২ তিমথীয় ৩ঃ১৬ এবং বড়দের ২য় তিমথীয় ৩ঃ১৬-১৭ পদ মুখস্থ করতে বলুন।

প্রার্থনা : “পিতা ঈশ্বর, তোমার বাক্য আমাদের নির্দেশনা ও প্রশান্তি দান করে। তোমার বাক্যকে আমাদের বুঝতে সাহায্য কর যাতে আমরা তাতে বাধ্য থাকতে পারি এবং আনন্দিত হতে পারি।”

